গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১২

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা নীতিমালা ২০১২

**ভূমিকা:** প্রাথমিক শিক্ষা সকল শিক্ষার ভিত্তি। প্রাথমিক শিক্ষার রয়েছে বিপুল সংখ্যক শিক্ষার্থী। বিদ্যালয় পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের সুষ্ঠ প্রতিভার বিকাশ সাধন এবং তাদের স্বীকৃতি ও উৎসাহ প্রদান করার জন্য আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে এ ধরনের প্রতিযোগিতার গুরুত্ব অপরিসীম। বিদ্যালয়কে শিক্ষার্থীদের নিকট আকর্ষণীয় এবং শিক্ষাক্রমের বিষয় বস্তু আনন্দদায়ক করার জন্য আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, অভিনয়, নৃত্য, সংগীত, অংকন, সুন্দর হাতের লেখা ইত্যাদি বিষয় গুরুত্ব দেয়া প্রয়োজন। আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহায়ক হবে ।কোমলমতি শিশুদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে শারীরিক, মানসিক ও নান্দনিক বিকাশ, শিক্ষার্থীদের সহিষ্ণুতা ও মানসিক মনোবল বৃদ্ধিসহ প্রতিযোগী মনোভাব গড়ে তোলার উদ্দেশ্যে ভবিষ্যতে সুনাগরিক হিসেবে প্রতিষ্ঠার জন্য **"আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা নীতিমালা ২০১২"** প্রণয়ন করা হলো।

**২. শিরোনামঃ** এ নীতিমালা **'আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা নীতিমালা ২০১২'** নামে অভিহিত হবে।

**৩. লক্ষ্যঃ** শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশের নামে আত্বনির্ভরশীল হতে সাহায্য করা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষায় সফল বাস্তবায়ন এবং গুণগত মানোন্নয়ন।

**৪. উদ্দেশ্যঃ**

(১). শিশুর সুপ্ত প্রতিভা বিকাশে পৃষ্ঠপোষকতা প্রদান করা;
(২). শিশু, শিক্ষক, ব্যক্তি, প্রতিষ্ঠান এবং কর্মকর্তাদের মধ্যে নব উদ্দীপনা সৃষ্টির মাধ্যমে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তাবায়নের পথ সুগম করা;
(৩) লেখাপড়ার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কার্যাবলীর সফল বাস্তবায়ন;
(৪) শিশুদের সৃজনশীল কাজের স্বীকৃতি দানের নিমিত্তে বিজয়ীদের পুরস্কৃত করা;
(৫) খেলাধুলার মাধ্যমে সুস্থ্য জীবন যাপন এবং দক্ষ খেলোয়াড় তৈরীতে উৎসাহ প্রদান;
(৬) খেলাধুলার ও সাংস্কৃতিক চর্চার মাধ্যমে তাদের নিজ নিজ জীবন গড়তে এবং সমাজ সেবামূলক কাজে উদ্বুদ্ধ করতে সহায়তা প্রদান;
(৭) শিক্ষার্থীদের শিশুকাল থেকে সুষ্ঠ প্রতিযোগি মনোভাব তৈরী করা;
(৮) পুরস্কার প্রদানের মাধ্যমে স্বীকৃতি ও উৎসাহ প্রদান করা।

**৫.অংশগ্রহণকারী:**

(১) সরকারি প্রাথমিক বিদ্যালয়, (২) রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, (৩) পরীক্ষণ বিদ্যালয় এর ছাত্রছাত্রীবৃন্দ।

**৬. প্রতিযোগিতার ধরণ ও পর্যায়:**

(১) এ প্রতিযোগিতা ৫টি পর্যায়ে যথা: (ক) বিদ্যালয় (খ) ইউনিয়ন (খ) উপজেলা/ সিটি কর্পোরেশন এলাকাধীন থানা, (গ) জেলা, (ঘ) বিভাগ ও (ঙ) জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।

(২) প্রতিযোগিতায় ৫নং অনুচ্ছেদে বর্ণিত সকল প্রাথমিক বিদ্যালয়ের অংশগ্রহণ বাধ্যতামূলক। বিদ্যালয় ভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিদ্যালয় পর্যায়ে বিজয়ীদের মধ্য হতে প্রতি আইটেমে একজন ইউনিয়ন পর্যায়ে, ইউনিয়ন পর্যায় হতে বিজয়ীদের মধ্য হতে প্রতি আইটেমে একজন উপজেলা/থানা (সিটি

কর্পোরেশনের এলাকাধীন) পর্যায়ে, উপজেলা/থানা (সিটি কর্পোরেশনের এলাকাধীন) পর্যায়ে বিজয়ীদের মধ্যহতে প্রতি আইটেমে একজন জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে বিজয়ীদের মধ্যহতে প্রতি আইটেমে একজন বিভাগীয় পর্যায়ে, এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের মধ্যহতে প্রতি আইটেমে একজন জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে ।

**(৩)** মহানগর এলাকাধীন প্রতিটি বিদ্যালয় হতে প্রতি আইটেমে বিজয়ীদের মধ্য হতে একজন করে ক্লাষ্টার পর্যায়ে, ক্লাষ্টার হতে প্রতি আইটেমে বিজয়ীদের মধ্য হতে একজন করে থানা পর্যায়ে, থানা পর্যায় হতে প্রতি আইটেমে বিজয়ীদের মধ্য হতে একজন করে মহানগর ইউনিট পর্যায়ে, এবং মহানগর ইউনিট হতে প্রতি আইটেমে বিজয়ীদের মধ্য হতে একজন করে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহন করবে ।

**৭. আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২টি গ্রুপে অনুষ্ঠিত হবেঃ**

(১) ক গ্রুপ: ১ম থেকে ২য় শ্রেণীর শিক্ষার্থী (ছাত্র/ছাত্রী আলাদা গ্রুপ হবে);
(২) খ গ্রুপ: ৩য় থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থী (ছাত্র/ছাত্রী আলাদা গ্রুপ হবে);

**৮. ক্রীড়া:**

**ক গ্রুপের ছাত্রঃ** ১. ৫০মিটার দৌড়, ২. চকলেট দৌড় ২৫ মিটার, ৩. মোরগ লড়াই, ৪. দীর্ঘলাফ, ৫. গুপ্তধন উদ্ধার, ৬. যেমন খুশি তেমন সাজ ৭. স্মৃতি পরীক্ষা ।

**ক গ্রপের ছাত্রীঃ** ১.৫০মিটার দৌড়, ২.লজেঞ্চু দৌড় ২৫মিটার, ৩. দড়িলাফ(স্কিপিং), ৪.দীর্ঘলাফ, ৫.গুপ্ত ধন উদ্ধার ৬. স্মৃতি পরীক্ষা ।

**খ গ্রুপের ছাত্রঃ** ১. ১০০মিটার দৌড়, ২. মোরগ লড়াই, ৩. দীর্ঘলাফ, ৪. উচ্চলাফ, ৫. ভারসাম্য দৌড় ৬. বালতিতে বল নিক্ষেপ (টার্গেট) ৭. ২০০ মিটার কাঠি দৌড়, ৮. স্মৃতি পরীক্ষা ।

**খ গ্রপের ছাত্রীঃ** ১. ১০০মিটার দৌড়, ২. মোরগ লড়াই, ৩. রশি ঘোরানো, ৪. ২০০ মিটার কাঠি দৌড়, ৫. স্মৃতি পরীক্ষা, ৬. দড়িলাফ (স্কিপিং ),৭. ভারসাম্য দৌড় ।

**৯. সাংস্কৃতিক প্রতিযোগিতাঃ সাংস্কৃতিক প্রতিযোগিতা দুটি গ্রুপে অনুষ্ঠিত হবে:**

ক গ্রুপ: ১ম থেকে ২য় শ্রেণীর শিক্ষার্থী (ছাত্র/ছাত্রী আলাদা গ্রুপ হবে);
খ গ্রুপ: ৩য় থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থী (ছাত্র/ছাত্রী আলাদা গ্রুপ হবে);

**১০. সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয়:**

**ক গ্রুপের ছাত্রঃ** (১) আবৃত্তি, (২) ছড়া গান, (৩) চিত্রাংকন, (৪) নৃত্য, (৫) দেশাত্মবোধক গান

**ক গ্রপের ছাত্রীঃ** (১) আবৃত্তি, (২) ছড়া গান, (৩) চিত্রাংকন, (৪) নৃত্য, (৫) দেশাত্মবোধক গান

**খ গ্রুপের ছাত্রঃ** (১) আবৃত্তি, **(২)** উপস্থিত বক্তৃতা, (৩) একক অভিনয়, (৪) চিত্রাংকন, (৫) দেশাত্মবোধক গান, (৬) পল্লীগীতি/আঞ্চলিক গান, (৭) নৃত্য সাধারণ, (৮) সুন্দর হাতের লেখা (ইংরেজী, বাংলা), প্রতিযোগিতা ।

**খ গ্রপের ছাত্রীঃ** (১) আবৃত্তি, **(২)** উপস্থিত বক্তৃতা, (৩) একক অভিনয়, (৪) চিত্রাংকন,(৫) দেশাত্মবোধক গান,(৬)পল্লীগীতি/আঞ্চলিকগান,(৭)নৃত্যসাধারণ,(৮) সুন্দর হাতের লেখা (ইংরেজী, বাংলা)

**১১. সাংস্কৃতিক প্রতিযোগিতার ক্ষেত্রসমূহ:**

(১). **আবৃত্তিঃ** কবিতার নাম, সংশ্লিষ্ট পর্যায়ের কমিটি কর্তৃক নির্বাচিত, আমার বাংলা বই (জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড) থেকে নির্বাচিত হবে;
(২). **উপস্থিত বক্তৃতা**: সময় ৫মিনিট । বক্তৃতার বিষয় নির্বাচনী বাছাই কমিটি নির্ধারণ করবেন);
(৩) **নৃত্যঃ** অংশগ্রহনকারী কর্তৃক পছন্দকৃত;
(৪) **একক অভিনয়:** অংশগ্রহনকারী কর্তৃক পছন্দকৃত বিষয় । সময়ঃ ৫ মিনিট ।
(৫) চিত্রা**ংকনঃ** বিচারক কর্তৃক দেয় বিষয়বস্তু ও সময় অনুযায়ী একটি ছবি । মাধ্যমঃ ক গ্রুপ মোম রং ও খ গ্রুপ জল

রং।

(৬) **সুন্দর হাতের লেখাঃ** বিচারক কর্তৃক নির্বাচিত বাংলা ও ইরেজী বিষয়ের উপর ২০ মিনিট।

(৭) **দেশাত্ববোধক/পল্লীগীতি/লোকগীতি ঃ** অংশগ্রহনকারী কর্তৃক পছন্দকৃত।

**১২. <u>বাছাই নীতিমালা</u>**

(১) বাছাই প্রক্রিয়ার সকল পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে নিরপেক্ষ থাকতে হবে।

(২) প্রাথমিক বাছাই কাজে কোন ত্রুটি পরিলক্ষিত হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

(৩). সকল পর্যায়ে শিক্ষার্থীদের বয়স ও শ্রেণী প্রমাণ/নির্ধারনের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক ভর্তি রেজিষ্টারের জন্ম তারিখ উল্লেখপূর্বক প্রত্যয়ন করবেন এবং সংশ্লিষ্ট সহকরী উপজেলা/থানা শিক্ষা অফিসার তা যাচাই করে প্রতিস্বাক্ষর করবেন।

(৪) বিদ্যালয় পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে প্রধান শিক্ষক প্রতিযোগীদের নাম ঠিকানা ও শ্রেণী উল্লেখপূর্বক উপজেলা/থানা শিক্ষা অফিসে প্রেরণ করবেন, উপজেলা/থানা শিক্ষা অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসে, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিভাগীয় উপপরিচালকের অফিসে এবং বিভাগীয় উপপরিচালক জাতীয় পর্যায়ে পরিচালক(পলিসি ও অপারেশন) বরাবর প্রেরণ করবেন।

**(৫) উপজেলা ভিত্তিক শিক্ষার্থীদের সনদ উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক, জেলা পর্যায়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসক কর্তৃক, বিভাগীয় পর্যায়ে কমিশনার ও উপপরিচালক প্রাথমিক শিক্ষা কর্তৃক, যৌথ স্বাক্ষরিত হবে। জাতীয় পর্যায়ে বিজয়ীদের সনদ সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় এবং মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত হবে।**

**(৬)** উপজেলা/থানা, সিটি কর্পোরেশন/বিভাগ ও জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে প্রতিযোগিতা ও বাছাইকার্য সম্পন্ন করার জন্য বিভিন্ন ক্ষেত্রে বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করে উপকমিটি গঠন করা যাবে।

(৭) উচ্চ পর্যায়ের কমিটি যে কোন নিম্ন পর্যায়ের কমিটির নিকট প্রতিযোগী বাছাইয়ের ব্যাখ্যা চাইতে পারবে।

(৮) বিদ্যালয় হতে সকল পর্যায় এবং ক্ষেত্রে নির্বাচিত প্রতিযোগিদের তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

(৯) সংশ্লিষ্টক্ষেত্রে দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদের বিচারক হিসেবে মনোনয়ন দেয়া যাবে।

(১০) সংশ্লিষ্ট কমিটি বিচারকদের মনোনয়ন প্রদান করবেন।

**১৩. <u>প্রতিযোগিতার ফি</u>**

**এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদ্যালয় হতে জাতীয় পর্যায় পর্যন্ত কোন প্রকার ফি প্রদান করতে হবে না।**

**১৪. <u>পদক ও সনদ প্রদান</u>**

ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বিদ্যালয় পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত ২(দুই)টি গ্রুপে অনুষ্ঠিত হবে। প্রতি গ্রুপে ছাত্র এবং ছাত্রীদের প্রতি ইভেন্ট ও বিষয়ে সকল পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে।

**১৫. <u>সীমাবদ্ধতাঃ</u>**

(১) একজন শিক্ষার্থী একই বছর সর্বেচ্চ তিনটি আইটেমে অংশগ্রহণ করতে পারবে।

(২) কোন শিক্ষক অথবা কর্মকর্তার নিজ সন্তান/পোষ্য প্রতিযোগী হলে তিনি কমিটির সদস্য হতে পারবেন তবে বিচারক হতে পারবেন না।

**১৬. <u>কমিটিঃ</u>**

আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনার জন্য বিদ্যালয়, উপজেলা/ থানা (সিটি করপোরেশন এলাকাধীন), জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে নিম্নরূপ আন্ত:প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা কমিটিসমূহ গঠিত হবে।

**(১) জাতীয় কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - প্রধান উপদেষ্টা |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - উপদেষ্টা |
| ৩. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সভাপতি |
| ৪. | অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| ৫. | কমিশনার, ঢাকা বিভাগ | - সদস্য |
| ৬. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - সদস্য |

৭.	মহাপরিচালক, সিপিআইএমইউ - সদস্য
৮.	যুগ্মসচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৯.	যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সদস্য
১০.	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি করপোরেশন - সদস্য
১১.	মহা পুলিশ পরিদর্শকের প্রতিনিধি (এআইজিপির নীচে নয়) - সদস্য
১২.	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
১৩.	শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
১৪.	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন - সদস
১৫.	জেলা প্রশাসক, ঢাকা - সদস্য
১৬.	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
১৭.	চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড - সদস্য
১৮.	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়)- সদস্য
১৯.	তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
২০.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়)- সদস্য
২১.	স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
২২.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়)- সদস্য
২৩.	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব এর নীচে নয়) - সদস্য
২৪.	পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর - সদস্য
২৫.	পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর -সদস্য
২৪.	পরিচালক বাংলাদেশ শিশু একাডেমী - সদস্য
২৫.	বাংলাদেশ স্কাউটস এর প্রতিনিধি(প্রধান জাতীয় কমিশনার কর্তৃক মনোনীত)- সদস্য
২৬.	জাতীয় মহিলা ক্রীড়া সংস্থার প্রতিনিধি - সদস্য
২৭.	পরিচালক, শারীরিক শিক্ষা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয় - সদস্য
২৮.	বাংলাদেশ গার্লস গাইডের প্রতিনিধি - সদস্য
২৯.	পরিচালক (পলিসি ও অপারেশন) - সদস্য
৩০.	উপ সচিব (বিদ্যালয়) -সদস্য সচিব

**কর্মপরিধি:**

১.	ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি প্রণয়ন ও যাবতীয় দিক নির্দেশনা প্রদান এবং প্রতিযোগিতার তারিখ ও সময় নির্ধারণ ।
২.	মেডেল ও অন্যান্য পুরস্কার নির্ধারণ ।
৩.	প্রতিযোগীতা সংক্রান্ত বাজেট অনুমোদন ।
৪.	বিভাগীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের নিয়ে জাতীয় প্রতিযোগিতা পরিচালনা ও এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন ।
৫.	ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পরিচালনার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ ।
৬.	কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে ।

**(২) বিভাগীয় কমিটি:**

১.	কমিশনার (সংশিষ্ট বিভাগ) - সভাপতি
২.	ডিআইজি - সদস্য
৩.	মেট্রোপলিটন পুলিশ কমিশনার - সদস্য
৪.	জেলা প্রশাসক (সকল) - সদস্য
৫.	উপপরিচালক, স্বাস্থ্য বিভাগ - সদস্য
৬.	বিভাগীয় ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক - সদস্য
৭.	বিভাগীয় সদরের জেলা ক্রীড়া সংস্থার সম্পাদক - সদস্য
৮.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) - সদস্য
৯.	পিটিআই সুপারিনটেনডেন্ট (সদর) - সদস্য

১০. বিভাগীয় সদরের জেলা ক্রীড়া কর্মকর্তা - সদস্য
১১. সিটি করপোরেশন/জেলা সদরের পৌরসভার প্রতিনিধি (মেয়র কর্তৃক মনোনীত)- সদস্য
১২. সাহিত্য ও ক্রীড়া অনুরাগী ব্যক্তি ২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য
১৩. বাংলাদেশ স্কাউটস্ এর প্রতিনিধি(সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য
১৪. সদর জেলার প্রেস ক্লাবের সভাপতি
১৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা - সদস্য সচিব

**কর্মপরিধি:** ১. বিভাগীয় পর্যায়ে সকল খেলা ও অনুশীলন সুষ্ঠু আয়োজন ও পরিচালনা, আইন শৃংখলা বজায় রাখা এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন ।
২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে ।

**(৩) জেলা কমিটি:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্যবৃন্দ - উপদেষ্টা
২. জেলা প্রশাসক - সভাপতি
৩. পুলিশ সুপার - সদস্য
৪. পৌর মেয়র - সদস্য
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শি:উ:/সা:) - সদস্য
৬. সিভিল সার্জন - সদস্য
৭. উপজেলা নির্বাহী অফিসার (সদর) - সদস্য
৮. সুপারিনটেনডেন্ট (পিটিআই) - সদস্য
৯. জেলা ক্রীড়া কর্মকর্তা - সদস্য
১০. জেলা তথ্য কর্মকর্তা - সদস্য
১১. শিশু একাডেমী এর কর্মকর্তা - সদস্য
১২. জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক - সদস্য
১৩. জেলা স্কাউটস্ এর সাধারণ সম্পাদক - সদস্য
১৪. জেলা প্রেস ক্লাবের সভাপতি - সদস্য
১৫. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) - সদস্য
১৬. উপজেলা/থানা ইউআরসি ইন্স্ট্রাক্টর (সদর) - সদস্য
১৭. সাহিত্য ও ক্রীড়া অনুরাগী ব্যক্তি ২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য
১৮. সদর উপজেলার মডেল স: প্রা: বিদ্যালয়ের প্রধান শিক্ষক - সদস্য
১৯. জেলা সাংস্কৃতিক কর্মকর্তা - সদস্য
২০. সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব -সদস্য
২১. সম্পাদক গার্ল গাইড
২২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য সচিব

**কর্মপরিধি:** ১. জেলা পর্যায়ে সকল খেলা ও অনুশীলন সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন ।
২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবেন ।

**(৭) মহানগর কমিটি:**

(১) অতিরিক্ত জেলা প্রশাসক (শি: উ:) সভাপতি
(২) জেলা প্রশাসকের প্রতিনিধি ১জন সদস্য
(৩) মেট্রোপলিটান পুলিশ কমিশনারের প্রতিনিধি ১জন সদস্য
(৪) থানা শিক্ষা কর্মকর্তা (সকল) সদস্য
(৫) মেডিকেল অফিসার (সিভিলসার্জন কর্তৃক মনোনীত ১জন সদস্য
(৬) ইন্স্ট্রাক্টর থানা রিসোর্স সেন্টার (সকল) সদস্য
(৭) সহকারী থানা শিক্ষা কর্মকর্তা (সকল) সদস্য

(৮) প্রধান শিক্ষক (প্রতি থানা হতে ১জন সভাপতি কর্তৃক মনোনীত) সদস্য
(৯) ক্রীড়া শিক্ষক ২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) সদস্য
(১০) বাংলাদেশ স্কাউটের প্রতিনিধি ১জন সদস্য
(১১) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সদস্য সচিব

**কর্মপরিধিঃ** ১. মহানগর পর্যায়ে সকল খেলা ও অনুশীলন সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।

২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**(৪) উপজেলা কমিটিঃ**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য - প্রধান উপদেষ্টা
২. উপজেলা পরিষদ চেয়ারম্যান - উপদেষ্টা
৩. মেয়র, পৌরসভা (যদি থাকে) - উপদেষ্টা
৪. উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি
৫. ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ - সদস্য
৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
৭. উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য
৮. সহকারী কমিশনার (ভূমি) - সদস্য
৯. থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা - সদস্য
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
১২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) - সদস্য
১৩. ইউআরসি, ইন্সট্রাক্টর - সদস্য
১৪. সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল) - সদস্য
১৫. উপজেলা মহিলা ও শিশুবিষয়ক কর্মকর্তা - সদস্য
১৬. উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক
১৭. উপজেলা সদরের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতিকর্তৃকমনোনীত) - সদস্য
১৮. প্রধান শিক্ষক, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় - সদস্য
১৯. ক্রীড়া শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত একজন) - সদস্য
২০. সাধারণ সম্পাদক , উপজেলা স্কাউটস - সদস্য
২১. সাহিত্য ও ক্রীড়ানুরাগী ২ জন (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য
২২. উপজেলা শিক্ষা অফিসার - সদস্য সচিব

**কর্মপরিধিঃ** ১. উপজেলা পর্যায়ের সকল খেলা ও অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।

২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(৫) সিটি করপোরেশন এলাকাধীন থানাসমূহের জন্য কমিটিঃ**

১. সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সভাপতি
২. মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধি ০১জন - সদস্য
৩. থানা শিক্ষা কর্মকর্তা (সকল) - সদস্য
৪. সিভিল সার্জনের প্রতিনিধি - সদস্য
৫. ইন্সট্রাক্টর, থানা রিসোর্স সেন্টার (সকল) - সদস্য
৬. সহকারী থানা শিক্ষা কর্মকর্তা (সকল) - সদস্য
৭. প্রধান শিক্ষক (প্রতি থানা থেকে ১ জন) মডেল স:প্রা: বি: - সদস্য
৮. ক্রীড়া শিক্ষক ২ (দুই) জন (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য
৯. বাংলাদেশ স্কাউট এর প্রতিনিধি ০১ জন (জেলা প্রা: শি: অ: কর্তৃক মনোনীত) - সদস্য
১০. থানা শিক্ষা কর্মকর্তা - সদস্য সচিব

**কর্মপরিধি :** ১. সিটি করপোরেশন এলাকাধীন থানা পর্যায়ে সকল খেলা ও অনুশীলন সুষ্ঠুভাবে আয়োজন পরিচালনা ও এতদ্সংক্রান্ত সকল কার্য সম্পাদন ।

২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে ।

**(৬) ইউনিয়ন কমিটিঃ**

১ চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ - উপদেষ্টা
২. সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসার - সভাপতি
৩. সংশিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য (সকল) - সদস্য
৪. সরকারী ও রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি (সকল) - সদস্য
৫. সরকারী ও রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সকল) - সদস্য
৬. ইউনিয়নের অবস্থিত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত ক্রীড়া শিক্ষক - সদস্য
৭. ইউনিয়ন পরিষদের সদর/নিকটবর্তী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য সচিব

**কর্মপরিধি :** ১. ইউনিয়ন পরিষদের এলাকাধীন থানা পর্যায়ে সকল খেলা ও অনুশীলন সুষ্ঠুভাবে আয়োজন পরিচালনা ও এতদ্সংক্রান্ত সকল কার্য সম্পাদন ।

২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে ।

**(৭ ) বিদ্যালয় কমিটিঃ**

১. চেয়ারম্যান সংশিষ্ট ইউনিয়ন পরিষদ উপদেষ্টা
২. এস,এম,সি-এর সভাপতি (সকল প্রাথমিক বিদ্যালয়) - সভাপতি
৩. সংশিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য (সকল)
৪. এস,এম,সি-এর সদস্য (সকল) - সদস্য
৫. বিদ্যালয়ের সহকারী শিক্ষক (সকল) - সদস্য
৬. বিদ্যালয়ের প্রধান শিক্ষক - সদস্য সচিব

কর্মপরিধি: ১. বিদ্যালয় পর্যায়ে সকল খেলা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন ।

২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে ।

৩. ক্রীড়া ও সাংস্কৃতি প্রতিযোগীতা শেষে প্রতিযোগীদের পুরস্কার ও সনদ প্রদান এবং প্রতিযোগিদের নামের তালিকা সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসে ও পরবর্তী পর্যায়ের কমিটিরসদস্য সচিবের নিকট প্রেরণ ।

**১৭. খেলার নিয়ম কানুনঃ**

আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতি প্রতিযোগিতার জন্য স্ব-স্ব কমিটি কর্তৃক নির্ধারিত হবে ।

**১৮. জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার স্থান নির্ধারণঃ**

জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার স্থান জাতীয় কমিটি কতৃর্ক নির্ধারণ করা হবে ।

**১৯. উপ-কমিটিঃ**

আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতি প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রযোজ্য ক্ষেত্রে নিুবর্ণিত উপকমিটি গঠন করা যেতে পারেঃ যেমনঃ

১) বিচারক প্যানেল নির্বাচন ও তাদের আমন্ত্রণ প্রদান উপকমিটি;

২) পুরস্কর ক্রয়, সংরক্ষণ ও বিতরণ উপকমিটি;

৩) সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপকমিটি;

৪) দাওয়াত কার্ড তৈরী, বিতরণ, মঞ্চ ও আসন বিন্যাস উপকমিটি;

৫)	আপ্যায়ন উপকমিটি;

৬)	ক্রীড়া প্রতিযোগিতা বিষয়ক উপকমিটি ।

ছ)	শৃংঙ্খলা উপকমিটি

**২০. আপত্তি ও আপীল :**

**আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতি প্রতিযোগিতার কোন বিষয়ে আপত্তি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করা যাবে । আপীল নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট উপজেলা/জেলা/বিভাগ ও জাতীয় কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং তা চূড়ান্ত বলে গণ্য হবে ।**

**এ, কে, এম. আবদুল আউয়াল মজুমদার**

**সচিব**

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**